ক্যাব সকল সেবামুলক বিষয়ে উচ্চকন্ঠ হয়ে কাজ করতে পারে

আইয়ুব আলী ময়মনসিংহ:: ময়মনসিংহে দিনব্যাপী বিভাগীয় পর্যায়ে “ফুড ফর্টিফিকেশন ও ভোক্তা অধিকার” শীর্ষক প্রশিক্ষন অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সভাপতি এ এইচ এম শফিকুজ্জামান, বলেছেন “ক্যাব” বলতে শুধু বাজার মনিটরিং পন্যের মান ও দাম বিচার নয়। এই সংগঠনটিকে স্বাস্থ্য, শিক্ষা, চিকিৎসা, খাদ্যসহ বিভিন্ন সরকারী বেসরকারী সেবা, পরিবেশ, যানজট, নদী দখল, দুষন সব বিষয়েকে প্রধান্য দিয়ে কাজ ভয়েরেস করার সুযোগ আছে। বিএসটিআই, ওষুদ প্রশাসনকে আরো সক্রিয় হতে পরামর্শ দেন তিনি। তাই মানুষের মৌলিক এসব সমষ্যা এবং সেবার মান নিয়ে উচ্চকণ্ঠ হতে হবে।
তিনি আজ বিকেলে ময়মনসিংহ জেলা প্রশাসনের সভাকক্ষে দিনব্যাপী প্রশিক্ষনে এসব কথা বলেন। এতে সভাপতিত্ব করেন ক্যাবের জেলা সভাপতি ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। এতে আরও বক্তব্য রাখেন জেলা প্রশাসক মুফিদুল আলম, স্থাণীয় সরকার বিভাগের উপপরিচালক বিপিন চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উম্মে হাবিবা মীরা, ডেপুটি সিভিল সার্জন ডা ফয়সাল আহমেদ, বিএসটিআই, ওষুধ প্রশাসন, আইনজীবি, সাংবাদিক, ব্যাংক, ব্যবসায়ীসহ চল্লিশজন প্রতিনিধি অংশ গ্রহনকারী। বক্তারা বলেন, গ্রামে গন্জে ক্যাবের ক্যাম্পেইন, মনিটিরিং আরও বাড়াতে হবে তাহলেই সংগঠনটির উপযোগীতা গ্রহনযোগ্য হয়ে ওঠবে উপকৃত হবেন ভোক্তারা। ভেজাল তেল ও দুষিত খাবার খেয়ে মানুষের কিডনি, ডায়বেটিস, হৃদরোগ, ক্যান্সারসহ জটিল রোগের হার বাড়ছে। তাই হাসপাতাল ক্লিনিক, ফার্মেসী, শিক্ষা প্রতিষ্ঠান জনস্বার্থমুলক সকল কর্মকান্ডে ক্যাবের নজরদারি বাড়াতে হবে।

বিশেষ করে খোলা বাজারে ড্রামে আনা ভোজ্যতেল বিক্রি বন্ধ করতে হবে। বাজার বিক্রিত ভোজ্যতেল মান সন্মমত কি না তার প্রমান হিসেবে কোম্পানীর লেবেল থাকতে হবে এবং নিয়মিত স্যাম্পল পরীক্ষা করতে হবে । বক্তারা বলেন, সরকারী ভাবে দেশীয় উৎপাদিত সরিষা দিয়ে ভোজ্যতেলের ৪০ শতাংশ পুরন করার কথা ছিল কিন্তু চাষীদের অনিহার কারনে উৎপাদন কম হওয়ায় ৯০ শতাংশ তেল আমাদনি করতে হচ্ছে। বলা হয়েছে আমাদের খাবারে বিদ্যমান হেভিমেটাল মাত্রার চেয়ে অনেকবেশী। মাছ মুরগীর খাবারে দুষন আছে, কীটনাশকের দুষন পানি মাটি ও পরিবেশ

নষ্ট হচ্ছে। ফার্মেসীতে নকল ওষুধ বিক্রির জন্য শাস্তির বিধান কঠোরভাবে প্রতিপালন করার পরামর্শ দেওয়া হয়েছে।
সরকারী আইন নীতিমালার মধ্যে থেকে এসব সমষ্যা সমাধানে সমন্নিত উদ্যেগ জরুরি বলে মত দিয়েছেন আলোচকরা।